দৈনিক
ইত্তেফাক

তারিখ ....09 SEP 2016
পৃঃ ...... কলাম ...... ......

# ছাতকে প্রাথমিকের ৩০ শিক্ষক ঈদেও বেতন-বোনাস পাচ্ছেন না

■ ছাতক (সুনামগঞ্জ) সংবাদদাতা.

২০১৩ সালের ১ জুলাই জাতীয়করণ করা ছাতকের ৫৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৮টি বিদ্যালয়ের ৩০ জন শিক্ষক ঈদের সময়ও বেতন-ভাতা ও বোনাস পাচ্ছেন না। গতকাল বুধবার সমন্বয় সভায় যোগ দেওয়া শিক্ষকদের বেতন বিল পাস করা হলেও এ সুবিধা পাবেন না ৮টি বিদ্যালয়ের ৩০ জন শিক্ষক। ৫৭টি প্রাথমিক বিদ্যালয় এক সঙ্গে জাতীয়করণ করা হলেও বেতনের ক্ষেত্রে ২য় ধাপের ৭টি ও ৩য় ধাপের ১টি বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারা রয়েছেন সুবিধাবঞ্চিত। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মানিক চন্দ্র দাস জানান, এসব বিদ্যালয়ের সকল কাগজপত্র মন্ত্রণালয়ে অনেক আগেই প্রেরণ করা হয়েছে। গেজেট প্রকাশ না হওয়ার কারণে তারা বেতন পাচ্ছেন না।

একাধিক শিক্ষক জানান, দীর্ঘদিন থেকেই তারা এসব বিদ্যালয়ে বিনা বেতনে চাকরি করে আসছেন। বেতন ভাতা না পাওয়া শিক্ষকদের মধ্যে রয়েছেন আন্ধারীগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়, আগিজাল সরকারি প্রাথমিক বিদ্যালয়, চরদুর্লভ সরকারি প্রাথমিক বিদ্যালয়, করছা সরকারি প্রাথমিক বিদ্যালয়, শরীষা পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, মোঘলগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়, বানায়ত সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কাশিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩০ জন শিক্ষক।